

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
পরিকল্পনা বিভাগ  
প্রশাসন শাখা-২  
[www.plandiv.gov.bd](http://www.plandiv.gov.bd)

নং- ২০.০০.০০০০.৩০৩.৩২.৩১৩.১৬- ২৪৪

তারিখঃ ১৯ বৈশাখ, ১৪২২ বঙ্গাব্দ  
০২ মে, ২০১৬ খ্রিস্টাব্দ

**প্রজ্ঞাপন**

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ২১/০৪/২০১৬ তারিখের ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়)১১.২০৫২.১৬-৮১ সংখ্যক স্মারকের সুপারিশের প্রেক্ষিতে নিম্নবর্ণিত ০১(এক)জন প্রার্থীকে পরিকল্পনা বিভাগের নবসৃষ্ট আইসিটি সেলের “সিনিয়র সিস্টেম এনালিস্ট” পদে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ৫০,০০০ - ৭১২০০/- টাকা বেতনক্রমে (৪র্থ গ্রেড) অনুচ্ছেদ-০২ এ বর্ণিত শর্তসাপেক্ষে সাময়িকভাবে নিয়োগ প্রদান করা হলোঃ

ক্র: নং	প্রার্থীর নাম ও রেজিস্ট্রেশন নং	স্থায়ী ঠিকানা	বর্তমান ঠিকানা
(১)	জনাব মোঃ তমিজ উদ্দীন আহমেদ রেজি নং- ০০০০৫৫	পিতা- নবুয়াত খান মাতা-মোছাঃ আমিনা খানম গ্রাম- বিলসোনাই (চরপাড়া) ডাকঘর- আমলসার উপজেলা- শ্রীপুর জেলা- মাগুরা।	জনাব মোঃ তমিজ উদ্দীন আহমেদ সিনিয়র সিস্টেম এনালিস্ট ফ্ল্যাট নং-২/এ, সুরমা কেন্দ্রীয় পুলিশ হাসপাতাল কমপ্লেক্স রাজারবাগ, থানাঃ পল্টন মডেল থানা, ঢাকা।


০২। **নিয়োগের শর্তাবলী:**

- এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী। এ নিয়োগ তীর যোগদানের তারিখ থেকে কার্যকর হবে এবং ০২(দুই) বৎসর শিক্ষানবিসকাল হিসেবে গণ্য করা হবে। নিয়োগকারী কর্তৃপক্ষ প্রয়োজনবোধে উক্ত শিক্ষানবিসকালের মেয়াদ বৃদ্ধি করতে পারবে। শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে সমাপন এবং উক্ত সময়ে তার আচরণ ও কর্ম সন্তোষজনক প্রতীয়মান হলে তাকে চাকরিতে স্থায়ীকরণের বিষয়টি বিবেচনা করা হবে। শিক্ষানবিসকালে তীর আচরণ ও কাজের মান সন্তোষজনক না হলে কোন কারণ দর্শানো ছাড়াই এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাকে চাকরি হতে অপসারণ করা যাবে;
- পুলিশ তদন্তে চারিত্রিক ও প্রাক-পরিচিতি প্রতিবেদন সন্তোষজনক না হলে তাৎক্ষণিকভাবে চাকরি হতে অপসারণ করা হবে;
- বিদেশী নাগরিকের সাথে বিবাহসূত্রে কোন সম্পর্ক বা দায়বদ্ধতা থাকলে এই নিয়োগ তাৎক্ষণিকভাবে বাতিল বলে গণ্য হবে;
- এ নিয়োগ আদেশ প্রাপ্তির পর তীর জেলার সিভিল সার্জনের নিকট উপস্থিত হয়ে স্বাস্থ্য পরীক্ষা করতে হবে। অতঃপর উক্ত সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদনের মূলকপি সংগ্রহ করে চাকরিতে যোগদানের সময় কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করতে হবে;
- চাকরিতে যোগদানের সময় সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র সঙ্গে আনতে হবে। মূল সনদপত্র প্রদর্শনে ব্যর্থ হলে তীর নিয়োগাদেশ বাতিল করা হবে;
- এ নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ দ্বারা তীর চাকরি নিয়ন্ত্রিত হবে;
- এ চাকরিতে যোগদানের জন্য তিনি কোনরূপ ভ্রমণ/দৈনিক ভাতা পাবেন না।

০৩। যদি অনুচ্ছেদ-০২ এ বর্ণিত শর্তাবলী গ্রহণযোগ্য হয়, তাহলে আগামী ০২ জুন, ২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা বরাবরে যোগদান করার জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখের মধ্যে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে বিবেচনা করা হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

০৪। এ নিয়োগ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

  
(মোছাঃ জেসমুন নাহার)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ০২-৯১১৫৮৭৩

অপর পৃষ্ঠায় দৃষ্টব্য...